কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেটে সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

Graphic Design Work



Flex ,Poster ,Card ,Cartoon , Logo ,Newspaper ,Book , Magazine & other.
9836753622



HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 30 MARCH 2026 ,MONDAY | ৩০ মার্চ ২০২৬ ,সোমবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-118

## কোচবিহার দক্ষিন কেন্দ্রে বিজেপি প্রার্থীকে প্রচারে বাধা ভোটার তালিকায় নাম বাদ যাওয়াদের




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,২৯ মার্চ :** কোচবিহার দক্ষিন কেন্দ্রের বিজেপি প্রার্থী রথীন বোস এর প্রচারে বাধা দিলেন ভোটার তালিকা থেকে নাম বাদ যাওয়া ভোটাররা। জানা গেছে রবিবার বিজেপি প্রার্থী রথীন বোস দলের কর্মীদের সাথে নিয়ে  কলাবাগান এলাকায় প্রচার করার সময় ভোটার তালিকা থেকে নাম বাদ যাওয়া ভোটারদের বিক্ষোভের মুখে পড়েন। তারা বিজেপি গো ব্যাক, বহিরাগত দূর হটো স্লোগান দিতে থাকেন ও প্রচারে বাধা দেন। উল্লেখ্য প্রার্থী রথীন বোস আগে কোচবিহারে থাকলেও দীর্ঘদিন ধরে তিনি শিলিগুড়ির বাসিন্দা। বিক্ষোভকারীরা জানান সমস্ত প্রমানপত্র জমা দেওয়া সত্ত্বেও তাদের নাম ভোটার তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে। ভোটার তালিকায় নাম না উঠলে নির্বাচন বয়কটের ডাক দেন তারা। খবর পেয়ে পুলিশ ও কেন্দ্রীয় বাহিনীর জওয়ানদের নিয়ে ঘটনাস্থলে পৌঁছান কোচবিহার কোতোয়ালি থানার আইসি। পুলিশ ও কেন্দ্রীয় বাহিনীর হস্তক্ষেপে পরিস্থিতি  নিয়ন্ত্রনে আসে। ফের প্রচার শুরু করেন বিজেপি প্রার্থী।

## বিধানসভা ভোটে গাড়ি নিয়ে সমস্যা আলিপুরদুয়ারে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ মার্চ :** আসন্ন বিধানসভা নির্বাচনের আগে ভোটকর্মীদের পরিবহনের জন্য প্রয়োজনীয় যানবাহনের ঘাটতিতে ভুগছে আলিপুরদুয়ার জেলা। এই পরিস্থিতিতে জেলা প্রশাসন প্রতিবেশী অসম এবং রাজ্যের অন্যান্য জেলার সহায়তা নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে।জেলার দুর্গম ভৌগোলিক অবস্থার কারণে বড় গাড়ির তুলনায় ছোট যানবাহনের প্রয়োজন বেশি। কিন্তু জেলার ভিতরে এ ধরনের গাড়ির পর্যাপ্ত যোগান না থাকায় নির্বাচন পরিচালনায় লজিস্টিক সমস্যার সৃষ্টি হয়েছে।এই ঘাটতি পূরণ করতে প্রশাসন অসম এবং অন্যান্য জেলা থেকে ৬৯৩টি যানবাহন আনার সিদ্ধান্ত নিয়েছে। একইসঙ্গে, অসমের নির্বাচনী কাজে সহায়তা করতে আলিপুরদুয়ার থেকে ৫৫২টি যানবাহন পাঠানো হচ্ছে। অসমে ভোটগ্রহণ এক দফায় ৯ এপ্রিল অনুষ্ঠিত হবে। সেখানে ব্যবহৃত যানবাহনগুলি ভোট শেষ হওয়ার পর ফিরে এসে ২৩ এপ্রিল রাজ্যের প্রথম দফার ভোটে পুনরায় কাজে লাগানো হবে।জেলা শাসক ময়ূরী বসু বলেন, "জেলায় যানবাহনের অভাব রয়েছে। তাই অসম এবং অন্যান্য জেলা থেকে গাড়ি এনে এই ঘাটতি পূরণ করা হবে। একইসঙ্গে আমরা অসমের নির্বাচনী প্রক্রিয়াতেও সাহায্য করছি।"মোট ১,২৪৫টি যানবাহন জেলার পাঁচটি বিধানসভা কেন্দ্রজুড়ে মোতায়েন করা হবে, যাতে নির্বাচন নির্বিঘ্নে সম্পন্ন করা যায়।এদিকে, নির্বাচনী প্রক্রিয়ায় মোট ৭,৬১৪ জন ভোটকর্মী নিযুক্ত থাকবেন। ভোটকর্মীদের পাশাপাশি কেন্দ্রীয় বাহিনীর মোতায়েনের জন্যও বিপুল সংখ্যক যানবাহনের প্রয়োজন হবে।জেলার পুলিশ সুপার অমিত কুমার শাহ জানান, ইতিমধ্যেই সাত কোম্পানি কেন্দ্রীয় বাহিনী জেলায় পৌঁছেছে। "আরও একটি কোম্পানি আসছে, এবং শীঘ্রই আরও কয়েকটি পৌঁছাবে। জেলায় পরিস্থিতি শান্তিপূর্ণ রয়েছে," তিনি বলেন।



# চোলাই খেয়ে আত্মহত্যা শামুকতলায়





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ মার্চ :** চোলাইয়ের নেশায় আসক্ত হয়ে গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করল এক আদিবাসী ব্যক্তি। ঘটনাটি ঘটেছে শামুকতলা থানার রায়ডাক চা বাগানে। দীর্ঘদিন যাবত চোলাইয়ের নেশায় আসক্ত জয়রাম মিনজ । তার বয়স ৪৭ বছর। অবিবাহিত আদিবাসী ব্যক্তি প্রতিনিয়ত নেশায় আসক্ত থাকতেন। রবিবার বেলা এগারোটা নাগাদ তার বাড়ির সংলগ্ন স্থানে জঙ্গলে তাকে ঝুলন্ত অবস্থায় দেখতে পান প্রতিবেশীরা। এরপর খবর দেওয়া হয় শামুকতলা থানার পুলিশকে। পুলিশ গিয়ে ঝুলন্ত দেহ নামিয়ে শামুকতলা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে আসে। চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করে স্বাস্থ্য কেন্দ্রে। তার নিকট আত্মীয় জানিয়েছেন দীর্ঘদিন যাবত তিনি চোলাইয়ের নেশা করতেন। নেশায় আসক্ত হয়ে তিনি আত্মহত্যা করেছেন। তার মৃতদেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠানো হবে ময়নাতদন্ত করার জন্য।

# পুলিশী অভিযানে উদ্ধার অবৈধ মদ




**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ মার্চ :** আলিপুরদুয়ার জেলা পুলিশের ফালাকাটা থানার পুলিশ সূত্র মারফত পাওয়া খবরের ভিত্তিতে রবিবার থানা এলাকার ধনীরামপুর গ্রাম পঞ্চায়েতের ভান্ডানী বাজারে শনিবার রাতে একটি দোকানে অভিযান চালিয়ে উদ্ধার করে ২৩.৩০৫ লিটার অবৈধ মদ। অভিযানের আঁচ পেয়ে অভিযুক্ত পালিয়ে যায়। পুলিশ একটি মামলা রুজু করে তদন্ত শুরু করেছে।

# কিশোরী মৃত্যুর ঘটনায় মূল অভিযুক্তকে চেন্নাই থেকে গ্রেপ্তার করলো প্রধাননগর থানার পুলিশ



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৯ মার্চ :** চলতি মাসের তেইশ তারিখ সকালে শিলিগুড়ির প্রধাননগর থানার রাজেন্দ্রনগরে এক বাড়ি থেকে পুলিশ উদ্ধার করে এক কিশোরীর ঝুলন্ত দেহ। দেহ উদ্ধার করে পাঠানো হয় ময়নাতদন্তে। পুলিশ কিশোরীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনার তদন্তে নেমে এক জনকে গ্রেপ্তার করে। তদন্তে পুলিশ জানতে পারে ঘটনায় মূল অভিযুক্ত আমীর আলি ছিলেন ঐ কিশোরীর গৃহ শিক্ষক। বিবাহিত আমীর আলি কিশোরীর সাথে প্রেমের সম্পর্ক গড়ে তুলেছিলো আর সেই অসম সম্পর্কের জেরেই কিশোরী আত্মহত্যা করে। প্রধাননগর থানার পুলিশ তদন্তে জানতে পারে অভিযুক্ত আমীর আলি চেন্নাই পালিয়ে গিয়েছে। পুলিশ চেন্নাই যায় ও চেন্নাই পুলিশের সহায়তায় অভিযুক্তকে গ্রেপ্তার করে শনিবার রাতে শিলিগুড়ি নিয়ে আসে। রবিবার শিলিগুড়িতে আয়োজিত এক সাংবাদিক সম্মেলন করে শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের ডি সিপি কাজী শামসুদ্দিন আহমেদ এই খবর দেন। তিনি বলেন সোমবার ধৃত আমীর আলিকে শিলিগুড়ি আদালতে পেশ করা হবে। তিনি আরও জানান তদন্তে প্রাপ্ত তথ্য আদালতে পেশ করা হবে। অভিযুক্তের কঠোর শাস্তি নিশ্চিত করার আবেদন জানানো হবে।

# শাসক দলের পঞ্চায়েতের বিরুদ্ধে শাসক দলের নেতাদের ক্ষোভ



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ মার্চ :** বেহাল রাস্তা সংস্কার করার দাবিতে পথ অবরোধ করলেন এলাকার বাসিন্দারা। ঘটনাস্থলে পুলিশ এসে আলোচনার ভিত্তিতে অবরোধ তুলে দেন। ঘটনাটি ঘটেছে আলিপুরদুয়ার জেলার আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের মহাকালগুড়ি গ্রাম পঞ্চায়েতের জামালপুর এলাকায়। দীর্ঘদিন যাবত রাস্তার কোনো সংস্কার পায় না এমনটাই অভিযোগ এলাকার নেতাদের পঞ্চায়েত সদস্যের বিরুদ্ধে। গ্রামীণ রাস্তা ধরেই প্রতিদিন কৃষকরা জমি থেকে আলু নিয়ে আসেন। কয়েকদিনের প্রবল বর্ষণে রাস্তায় জল জমে কাদা হয়ে গেছে কৃষকরা জমি থেকে আলু তুলে বাড়ি নিয়ে যেতে পারছেন না। এমনকি জমি থেকে আলু রাস্তায় তোলার মতো কোনো পরিস্থিতি নেই। এলাকার গ্রাম পঞ্চায়েত সদস্যা জানিয়েছেন এই রাস্তা পথশ্রী প্রকল্পে ধরা রয়েছে খুব শীঘ্রই রাস্তার কাজ শুরু হবে।

# তুরতুরিতে চোরাই কাঠ উদ্ধার



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৯ মার্চ :** গোপন খবরের ভিত্তিতে অভিযান চালিয়ে বনদপ্তর কর্মীরা সাল এবং সেগুন কাঠ মিলিয়ে প্রায় ১৫ সি এফ টি চোরাই কাঠ উদ্ধার করে শামুক তলায় নিয়ে আসলো রবিবার বিকেল চারটে নাগাদ। জানা গেছে গোপন খবরের ভিতরে এদিন তুরতুরি এলাকায় অভিযান চালায় সাউথ রায়ডাক রেঞ্জের বরনকর্মীরা। ছিপড়া বিটের বিট অফিসার সুজিত বর্মনের নেতৃত্বে এদিন অভিযান চালানো হয়েছে। উদ্ধার করা কাঠ শামুকতলা রেঞ্জ অফিসে রাখা হয়েছে।

# শিলিগুড়িতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু এক ব্যক্তির





**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৯ মার্চ :** শিলিগুড়ির শান্তিনগর বৌবাজার এলাকায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হলো এক ব্যক্তির। স্থানীয়রা জানান রবিবার সকালে তারা একটা শব্দ শুনে ঘর থেকে বাইরে বেরিয়ে দেখেন রাস্তার পাশের একটি বিদ্যুৎ এর খুঁটির পাশে এক ব্যক্তি নিথর অবস্থায় পড়ে আছে। তারা খবর দেন আশিঘর পুলিশ ফাঁড়িতে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পড়ে থাকা ব্যক্তির দেহটি পরীক্ষা করে বুঝতে পারেন তার মৃত্যু হয়েছে। মৃতদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠান পুলিশ কর্মীরা। পুলিশের অনুমান বিদ্যুতের খুঁটিতে শর্ট সার্কিট হয়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে ঐ ব্যক্তির মৃত্যু হয়েছে। মৃত ব্যক্তির পরিচয় জানা যায়নি।

# আগুনে পুড়ে ছাই সাতটি দোকান ,ক্ষতির পরিমান কয়েক লক্ষ টাকা



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,২৯ মার্চ :** শনিবার মাঝরাতে এক ভয়াবহ আগুনে পুড়ে ছাই হয়ে যায় জলপাইগুড়ি জেলার ধুপগুড়ি ব্লকের বারোঘরিয়া গ্রাম পঞ্চায়েতের ভেনটিয়া রেলগেট লাগোয়া বাজারে। জানা গেছে শনিবার রাতে যথারীতি দোকান বন্ধ করে বাড়ি চলে যান বাজারের ব্যবসায়ীরা। মাঝরাতে তারা খবর পান বাজারে আগুন লেগেছে। তারা খবর পেয়ে ছুটে যস্ন বাজারে। গিয়ে দেখেন আগুন দাউ দাউ করে জ্বলছে। খবর যায় ধুপগুড়ি দমকল কেন্দ্রে। খবর পেয়ে একটি ইঞ্জিন নিয়ে দমকল কর্মীরা ঘটনাস্থলে পৌঁছান। তারা পৌঁছানোর আগেই সাতটি দোকান পুড়ে ছাই হয়ে যায়। দমকল কর্মীরা আগুন নিয়ন্ত্রনে আনেন। খবর পেয়ে ঘটনাস্থলে যান স্থানীয় গ্রাম পঞ্চায়েত প্রধান মনীন্দ্র চন্দ্র বর্মন, ধুপগুড়ি কেন্দ্রের তৃণমূল প্রার্থী নির্মল চন্দ্র রায়,তৃণমূল নেতা রাজেশ সিং। তাদের হাতের কাছে পেয়ে ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীরা সাহায্যের আবেদন জানান। প্রার্থী নির্মল চন্দ্র রায় জানান নির্বাচনী আচরন বিধি লাগু আছে, কাজেই ক্ষতিগ্রস্তদের আর্থিক সহায়তা করার বিষয়টি বিডিও কে জানানো হয়েছে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT “EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE” ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |